গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সিআরভিএস অধিশাখা
www. Cabinet.gov.bd

**বিষয়ঃ সিআরভিএস বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব মোঃ কামাল হোসেন, সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ।
সময় : ০৫ জুলাই ২০২০, বিকাল: ৪:০০ ঘটিকা
স্থান : অনলাইন সভা (Zoom-Webniar)

**অনলাইন উপস্থিতি: পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। বাংলাদেশে সিআরভিএস-এর বিভিন্ন কার্যক্রম সরকারের বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। উক্ত কর্মকান্ড নিজ নিজ কর্মপরিকল্পনা অনুসারে নির্ধারিত সময়ে বাস্তবায়িত হবে মর্মে সভাপতি আশাবাদ ব্যক্ত করেন। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব (সমন্বয়) কে সভাপতি অনুরোধ করেন। অতিরিক্ত সচিব (সমন্বয়) গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতিসহ আলোচ্যসূচি অনুসারে উপস্থাপনা প্রদানের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের উপসচিব, সিআরভিএস অধিশাখাকে অনুরোধ করেন।

০২। উপ সচিব (সিআরভিএস) তার উপস্থাপনায় উল্লেখ করেন যে গত ২৯ ডিসেম্বর ২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সকল সদস্যের নিকট প্রেরণ করা হয়েছে। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন এবং পরিমার্জন থাকলে তা জানানোর জন্য উপস্থিত সকল সদস্য কে অনুরোধ করা হয়। কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে উপস্থিত সদস্যগণ অভিমত প্রকাশ করে।

**সিদ্ধান্ত:** ২.১। সিআরভিএস বাস্তবায়ন কমিটির গত সভার কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে উপস্থিত সদস্যগণ অভিমত প্রকাশ করায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকৃত করা হয়।

**০৩। আলোচ্যসূচি-০২: গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।**

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন |
|---|---|---|
| ১ | ২ | ৪ |
| ১ | ৪.১ "প্রাথমিক পর্যায়ের শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়ন" সংক্রান্ত প্রকল্পটির অন্যান্য জনবল দ্রুত নিয়োগ প্রদানপূর্বক প্রকল্পের কার্যক্রম দ্রুত শুরু করার জন্য মহাপরিচালক প্রাথমিক শিক্ষা অধিদপ্তরকে অনুরোধ করা হলো। | "প্রাথমিক পর্যায়ের শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়ন" সংক্রান্ত প্রকল্পটির প্রকল্প পরিচালক মৌখিকভাবে জানান যে প্রকল্পের অন্যান্য জনবল নিয়োগ সম্পন্ন করা হয়েছে। |
| ২ | ৪.২ আইন ও বিচার বিভাগ এর "সিভিল রেজিস্ট্রেশন এন্ড ভাইটাল স্ট্যাটিসটিক্স: বিবাহ ও তালাক নিবন্ধনের আইসিটি অবকাঠামো উন্নয়ন" সংক্রান্ত উন্নয়ন প্রকল্প প্রস্তাবটি (ডিপিপি) সংশোধনপূর্বক অনুমোদনের জন্য পুনরায় পরিকল্পনা কমিশনে প্রেরণ করে মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। | আইন ও বিচার বিভাগ থেকে জানানো হয় যে উন্নয়ন প্রকল্প প্রস্তাবটি (ডিপিপি) সংশোধনপূর্বক অনুমোদনের জন্য পুনরায় পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। |

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ১ | ২ | ৪ |
| ৩ | ৪.৩ ব্যানবেইস এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তর সংশ্লিষ্ট প্রকল্প দুইটির সঙ্গে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন এবং বাংলাদেশ নির্বাচন কমিশনের integration, interoperability এবং Unique ID ব্যবহার সংক্রান্ত বিষয়ে স্ব স্ব প্রকল্প তাদের টেকনিক্যাল টিমের সভা আহবান করে সমাধান করবেন। উক্ত সভাসমূহে মন্ত্রিপরিষদ বিভাগের সিআরভিএস কনসালট্যান্টগণকে আমন্ত্রণ জানানোর জন্য অনুরোধ করা হলো। | বর্ণিত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে ব্যানবেইস হতে জানানো হয় যে UID ব্যবহারের বিষয়ে IEIMS প্রকল্পের সাথে NID কর্তৃপক্ষের একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। শিক্ষার্থীদের জন্ম নিবন্ধন যাচাই এবং UID সরবরাহের বিষয়ে ORG এর সঙ্গে ব্যনবেইসের সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়নি। তিনি আরো জানান যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এর সঙ্গে গত ফেব্রুয়ারি ২০২০ এ সমঝোতা স্মারক স্বাক্ষরিত হওয়ার কথা ছিল। গত ১৮ ফেব্রুয়ারি ২০২০ তারিখে ORG, NID কর্তৃপক্ষ, মন্ত্রিপরিষদ বিভাগ, এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও সংশ্লিষ্ট সংস্থার আইটি প্রফেশনালদের সমন্বয়ে সংস্থাসমূহের মধ্যে integration, interoperability এবং UID ব্যবহার সংক্রান্ত বিষয়ে ব্যনবেইসে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। |
| ৪ | ৫.১ সিআরভিএস তৃতীয় পর্যায়ের প্রকল্প ডকুমেন্ট অনুমোদনের নিমিত্ত সারসংক্ষেপ আগামী ০৭ দিনের মধ্যে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় বরাবর মন্ত্রিপরিষদ বিভাগের প্রকল্প অধিশাখা প্রেরণ করবে। | প্রকল্পটি অনুমোদিত হয়েছে এবং কার্যক্রম চলমান রয়েছে। |
| ৫ | ৬.১ OpenCRVS এর সাথে BDRIS2 এবং Office Information Service Framework (OISF) এর ইন্টিগ্রেশন দ্রুত সম্পন্ন করা এবং OpenCRVS সফটওয়্যার এর penetration এবং security টেস্টিং এর কার্যক্রম বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের সাথে নিয়মিত যোগাযোগপূর্বক আগামী অতিদ্রুত সম্পন্ন করার বিষয়ে প্লান ইন্টারন্যাশনাল বাংলাদেশ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | প্লান ইন্টারন্যাশনাল বাংলাদেশ এর পক্ষ থেকে জানানো হয়ে যে OpenCRVS এর সাথে Office Information Service Framework (OISF) এর ইন্টিগ্রেশন সম্পন্ন হয়েছে এবং BDRIS2 এর সাথে ইন্টিগ্রেশন এর কার্যক্রম চলমান রয়েছে। OpenCRVS সফটওয়্যার এর penetration এবং security টেস্টিং সম্পন্ন করা হয়েছে এবং টেস্টিং পরবর্তী বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল যে সব অবজারভেশন দিয়েছে সেগুলো সমাধান করে পুনরায় বিসিসি তে প্রেরণ করা হয়েছে। |
| ৬ | ৭.১.১ সিআরভিএস সচিবালয়ের খসড়া অর্গানোগ্রামের উপর সিআরভিএস সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ সমূহ কর্তৃক মতামত ও পরামর্শ প্রদানের নিমিত্ত একটি কর্মশালা আয়োজনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক কর্মশালাটি আয়োজন করা সম্ভব হয়নি। |

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ১ | ২ | ৪ |
| ৭ | **৭.২.১** সিআরভিএস সংশ্লিষ্ট BDRIS2, Social Security Program (SSP), DHIS2, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং ব্যানবেইজের স্টুডেন্ট প্রোফাইল সংক্রান্ত সিস্টেমের সাথে ISDP এর সংযোগকে ত্বরান্বিত করার লক্ষ্যে উল্লিখিত মন্ত্রণালয়/বিভাগসহ সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের সমন্বয়ে আগামী এক মাসের মধ্যে একটি কর্মশালা আয়োজনের জন্য এটুআই প্রোগ্রাম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো। | এটুআই প্রোগ্রাম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক উক্ত কর্মশালাটি আয়োজন করা সম্ভব হয়নি। |
| ৮ | ৭.৩.১। জন্ম এবং মৃত্যু নিবন্ধনের তথ্য ব্যবহার করে ভাইটাল স্ট্যাটিসটিক্স প্রণয়নের নিমিত্ত রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধনের কার্যালয় এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর মধ্যে integration এবং interoperability স্থাপন সংক্রান্তে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক আগামী এক মাসের মধ্যে সভা আহবানপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করবে। | করোনা (COVID-19) মহামারির কারণে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক উক্ত সভা আয়োজন করা সম্ভব হয়নি মর্মে সভায় জানানো হয়। |
| ৯ | **৭.৪.১** জন্ম ও মৃত্যু নিবন্ধনের সময় উপস্থিত অভিভাবকগণের মোবাইল নম্বরটি কোন এনআইডি এর সাথে রেজিস্ট্রেশন করা আছে সেটি ঐ মূহর্তে জানার বিষয়ে অনুরোধ জানিয়ে টেলিযোগাযোগ অধিদপ্তরের মহাপরিচালক বরাবর পত্র প্রেরণ করার জন্য রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধনের কার্যালয়কে অনুরোধ করা হলো। | সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্ত রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়, স্থানীয় সরকার বিভাগের ১১ ফেব্রুয়ারি ২০২০ তারিখের ৩৪ নম্বর স্মারকে টেলিযোগাযোগ অধিদপ্তরকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছে। |
| ১০ | **৭.৫.১** সিআরভিএস কান্ট্রিওভারভিউ এর উপর মতামত প্রদানের নিমিত্ত সিআরভিএস-এর অংশীজন বরাবর মন্ত্রিপরিষদ বিভাগের সিআরভিএস অধিশাখা ইমেইলযোগে প্রেরণ করবে। মতামত প্রাপ্তির পর সেগুলো সন্নিবেশিত করে সিআরভিএস অধিশাখা প্রকাশনার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সিআরভিএস কান্ট্রি ওভারভিউ এর উপর মতামত প্রদানের সংশ্লিষ্টদের অনুকূলে ইমেইলযোগে প্রেরণ করা হয়েছে। সংশ্লিষ্টদের মতামত কোন প্রকার মতামত না থাকায় সিআরভিএস কান্ট্রিওভারভিউটি প্রকাশনার পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। |

**সিদ্ধান্ত:** ০৩.১। সিআরভিএস অধিশাখা কর্তৃক বাস্তবায়ন কমিটির গত সভাসমূহের সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত প্রস্তুতকৃত তালিকাটি মন্ত্রিপরিষদ বিভাগের সচিব, সমন্বয় ও সংস্কার মহোদয়ের নিকট উপস্থাপন করতে হবে।

**০৪। আলোচ্যসূচি-০৩: বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সিআরভিএস সম্পর্কিত কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা।**

সভায় আইন ও বিচার বিভাগের পক্ষ থেকে জানানো হয় যে “সিভিল রেজিস্ট্রেশন এন্ড ভাইটাল স্ট্যাটিসটিক্স: বিবাহ ও তালাক নিবন্ধনের আইসিটি অবকাঠামো উন্নয়ন” সংক্রান্ত উন্নয়ন প্রকল্প প্রস্তাবটি (ডিপিপি) অনুমোদনের জন্য প্রেরণ করা হলে পরিকল্পনা কমিশন থেকে প্রকল্প প্রস্তাবের উপর কিছু পর্যবেক্ষণ দিয়ে ফেরত পাঠানো হয়েছে।

উক্ত পর্যবেক্ষণ অনুসারে উন্নয়ন প্রকল্প প্রস্তাবটি সংশোধন করে অনুমোদনের জন্য পুনরায় পরিকল্পনা কমিশন প্রেরণ করা হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন।

সিআরভিএস সংক্রান্ত প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক গৃহীত প্রকল্পে শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়ন সংক্রান্ত তথ্য ফরমটি প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদনের পর মন্ত্রিপরিষদ বিভাগের অনুমোদন প্রয়োজন রয়েছে মর্মে প্রকল্পের প্রকল্প পরিচালক জানান। তিনি আরো জানান যে প্রকল্পের জনবল নিয়োগ এবং ক্রয় কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।

বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) এর এস্টাবলিশমেন্ট অব ইন্টিগ্রেটেড এডুকেশনাল ইনফরমেশন ম্যানেজম্যেন্ট সিস্টেম (IEIMS) প্রকল্পের সিনিয়র ম্যানেজম্যান্ট এক্সপার্ট সভায় জানান যে উক্ত প্রকল্পের আওতায় শিক্ষার্থীর প্রোফাইল সংক্রান্ত তথ্যছকের Software বঙ্গবন্ধু ডিজিটাল ইউনিভার্সিটি এর মাধ্যমে তৈরি করা হয়েছে। Software এর fine tuning এর কার্যক্রম চলমান আছে। প্রকল্পের তথ্যছক পূরণ ও ডাটাএন্ট্রির বিষয়ে ৫৬০ জন মাস্টার ট্রেইনার এবং ৯৬,০০০ জন শিক্ষককে প্রশিক্ষণ প্রদান করা হবে। তিনি আরো জানান যে UID ব্যবহার করে মুজিব বর্ষের মধ্যেই মাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থী ভর্তি করা হবে। তিনি আরো উল্লেখ করেন যে UID ব্যবহারের জন্য ব্যানবেইস এবং ORG এর মধ্যে প্রস্তাবিত খসড়া সমঝোতা স্মারকটি সুপারিশ অনুসারে অতি দ্রুত সংশোধন করে ORG বরাবর প্রেরণ করা হবে। বর্ণিত বিষয়ে রেজিস্ট্রার জেনারেল জানান যে সংশোধিত সমঝোতা স্মারকটি পাওয়া গেলে স্থানীয় সরকার বিভাগের অনুমতি নিয়ে স্বল্প সময়ের মধ্যে স্বাক্ষর করা সম্ভব হবে।

**সিদ্ধান্ত:** ৪.১। আইন ও বিচার বিভাগ এর "সিভিল রেজিস্ট্রেশন এন্ড ভাইটাল স্ট্যাটিসটিক্স: বিবাহ ও তালাক নিবন্ধনের আইসিটি অবকাঠামো উন্নয়ন" সংক্রান্ত উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) অনুমোদনের সর্বশেষ অবস্থা আগামী ৭ দিনের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

**সিদ্ধান্ত:** ৪.২। "প্রাথমিক পর্যায়ের শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়ন" সংক্রান্ত প্রকল্পটির শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়ন সংক্রান্ত তথ্য ছকটি প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদনের পর অতিদ্রুত মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার জন্য মহাপরিচালক প্রাথমিক শিক্ষা অধিদপ্তরকে অনুরোধ করা হলো।

**সিদ্ধান্ত:** ৪.৩। প্রাথমিক পর্যায়ের শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়নে Unique ID (UID) ব্যবহারের জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এবং রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন এর মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক প্রাথমিক শিক্ষা অধিদপ্তরকে অনুরোধ করা হলো।

**সিদ্ধান্ত:** ৪.৪। Unique ID (UID) ব্যবহারের জন্য ব্যানবেইস এবং রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন এর মধ্যে সংশোধিত সমঝোতা স্মারকটি অতিদ্রুত স্বাক্ষরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধনকে অনুরোধ করা হলো।

**০৫। আলোচ্যসূচি-০৪: OpenCRVS সংক্রান্ত আলোচনা:**

গত ২০ মার্চ তারিখে OpenCRVS সফটওয়্যার এর টেস্টিং Compliance প্লান ইন্টারন্যাশনাল বাংলাদেশ কর্তৃক বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল বরাবর প্রেরণ করা হয়েছে। টেস্ট রিপোর্ট পেলে পরবর্তী সময়ে পুনরায় Compliance করা প্রয়োজন মর্মে প্লান ইন্টারন্যাশনাল বাংলাদেশ এর পক্ষ থেকে সভাকে অবহিত করা হয়।

**সিদ্ধান্ত: ৫.১** বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল হতে OpenCRVS সফটওয়্যার এর penetration এবং security টেস্টিং এর ফলাফলের উপর ভিত্তি করে প্লান ইন্টারন্যাশনাল বাংলাদেশকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

**০৬। আলোচ্যসূচি-০৫: বিবিধ:**

**৬.১। Bangladesh National Digital Architecture (BNDA) সংক্রান্ত আলোচনা:**

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর এক্সিকিউটিভ ডাইরেক্টর সভায় জানান যে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক Bangladesh National Digital Architecture (BNDA) প্রণয়ন করা হয়েছে। সিআরভিএস সংশ্লিষ্ট বিভিন্ন সিস্টেমসমূহের মধ্যে integration এবং interoperability স্থাপনের জন্য সংশ্লিষ্ট দপ্তর সংস্থাসমূহকে BNDA অনুসরণ করে ডাটাবেইজ প্রণয়ন করার উপর তিনি গুরুত্বারোপ করেন। তিনি আরো জানান যে বিভিন্ন সিস্টেমের ডাটা কোন সার্ভারে hosting করা হবে তার জন্য পূর্ব থেকেই একটি Data Deployment Plan থাকতে হবে। আলোচনায় অংশগ্রহণ করে এটুআই প্রোগ্রামের পলিসি এডভাইজার সভাকে জানান যে সিআরভিএস সংক্রান্ত সিস্টেম প্রণয়নে যেখানে এটুআই প্রোগ্রাম সংশ্লিষ্ট রয়েছে সেখানে BNDA অনুসরণ করা হচ্ছে।

**সিদ্ধান্ত:** ৬.১.১ সিআরভিএস সংশ্লিষ্ট বিভিন্ন সিস্টেম তৈরির সময় প্রত্যেক দপ্তর/সংস্থা কর্তৃক সংগৃহীত ডাটা কোন সার্ভারে hosting করা হবে তার জন্য পূর্ব থেকেই একটি Data Deployment Plan করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। সিআরভিএস সংশ্লিষ্ট সকল দপ্তর/সংস্থাকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের এটুআই প্রোগ্রাম এবং বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর সঙ্গে পরামর্শক্রমে Bangladesh National Digital Architecture (BNDA) অনুসরণ করে ডাটাবেইজ প্রণয়নের জন্য অনুরোধ করা হলো।

**৬.২। Integrated Service Delivery Platform (ISDP) সংক্রান্ত আলোচনা।**

ISDP এর সাথে BDRIS2 Social Security Program (SSP) স্বাস্থ্য এবং শিক্ষার সিস্টেমের সাথে সংযোগ স্থাপনের জন্য সংশ্লিষ্ট সংস্থা প্রধানগণের সঙ্গে আলোচনাক্রমে এটুআই প্রোগ্রাম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়।

**সিদ্ধান্ত: ৬.২.১** সিআরভিএস সংশ্লিষ্ট BDRIS2, Social Security Program (SSP), DHIS2, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং ব্যানবেইজের স্টুডেন্ট প্রোফাইল সংক্রান্ত সিস্টেমের সাথে ISDP এর সংযোগকে ত্বরান্বিত করার লক্ষ্যে উল্লিখিত মন্ত্রণালয়/বিভাগসহ সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের সমন্বয়ে আগামী এক মাসের মধ্যে একটি কর্মশালা আয়োজনের জন্য এটুআই প্রোগ্রাম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো।

**০৬.৩। Vital Statistics Technical Working Group সংক্রান্ত আলোচনা:**

জন্ম এবং মৃত্যু নিবন্ধনের তথ্য ব্যবহার করে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) কর্তৃক ভাইটাল স্ট্যাটিসটিক্স প্রণয়নের জন্য আরো কী কী variable প্রয়োজন হবে সে বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়কে প্রয়োজনীয় পরামর্শ প্রদানের জন্য বিবিএস কর্তৃক একটি অনলাইন সভা আয়োজনের উপর সভায় গুরুত্বারোপ করা হয়। একই সাথে মৃত্যু সংক্রান্ত যে তথ্য স্বাস্থ্য অধিদপ্তরের DHIS-2 তে বিদ্যমান আছে তা থেকে ভাইটাল স্ট্যাটিসটিক্স তৈরির জন্য অনুরূপ ভাবে আর কোন variable প্রয়োজন হবে কিনা সে বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তরের সঙ্গে পরামর্শক্রমে বিবিএস প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে মর্মে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিআরভিএস কান্ট্রিকোর্ডিনেটর জানান যে হাসপাতালের বাহিরে মৃত্যুর কারণ নির্ণয়ের জন্য বাংলাদেশে Verbal Autopsy (VA) বা বাচনিক ময়না তদন্তের প্রচলন আছে। বর্তমানে ১৩ টি উপজেলায় VA এর মাধ্যমে মৃত্যুর কারণ নির্ণয় করা হয়। প্রতি বছর সমগ্র বাংলাদেশে প্রায় নয় লক্ষ লোক মারা যায় এবং তার প্রায় তিন চতুর্থাংশ হাসপাতালের বাহিরে বা বাড়িতে মারা যায়। এই বিশাল জনগোষ্ঠীর মৃত্যুর সঠিক কারণ VA এর মাধ্যমে জানা যায়। কিন্তু সারাদেশে মৃত সকল ব্যক্তির মৃত্যুর সঠিক কারণ VA এর মাধ্যমে নিরুপণ না করে নমুনার ভিত্তিতে করা বাঞ্ছনীয়। সেকারণে কি পরিমাণ জনগোষ্ঠীর মৃত্যুর সঠিক কারণ VA এর মাধ্যমে করা হলে জাতীয় এবং আন্তর্জাতিক ক্ষেত্রে পরিসংখ্যানগত ভাবে গৃহীত হবে তা বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক নির্ধারণ করা প্রয়োজন মর্মে তিনি সভায় জানান।

**সিদ্ধান্ত:** ৬.৩.১। রেজিস্ট্রার জেনারেল জন্ম এবং মৃত্যু নিবন্ধন কার্যালয়ের জন্ম ও মৃত্যু সংক্রান্ত তথ্য এবং স্বাস্থ্য অধিদপ্তরে সংরক্ষিত মৃত্যুর তথ্য থেকে প্রয়োজনীয় ভাইটাল স্ট্যাটিসটিক্স তৈরির জন্য আরো কী কী variable সংযোজন বিয়োজনের প্রয়োজন হবে সে সংক্রান্ত প্রয়োজনীয় পরামর্শ প্রদানের জন্য যথাক্রমে রেজিস্ট্রার জেনারেল জন্ম এবং মৃত্যু নিবন্ধন এবং স্বাস্থ্য অধিদপ্তরের সঙ্গে দুইটি পৃথক অনলাইন সভা করার জন্য মহাপরিচালক বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোকে অনুরোধ করা হলো।

**সিদ্ধান্ত:** ৬.৩.২। সারাদেশে হাসপাতালের বাহিরে মৃত্যুবরণকারীদের কত সংখ্যক জনগোষ্ঠীর মৃত্যুর সঠিক কারণ Verbal Autopsy (VA) বা বাচনিক ময়না তদন্তের মাধ্যমে করা হলে তা জাতীয় এবং আন্তর্জাতিক ক্ষেত্রে পরিসংখ্যানগত ভাবে গৃহীত হবে তার একটি Sample Size নির্ধারণ করে দেয়ার জন্য মহাপরিচালক বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোকে অনুরোধ করা হলো।

### ৬.৪। Medical Certification of Cause of Death (MCCoD) সংক্রান্ত আলোচনা:

আলোচনায় অংশগ্রহণ করে সিআরভিএস কান্ট্রিকোঅর্ডিনেটর জানান যে COVID-19 মহামারীর কারণে হাসপাতালগুলো থেকে নিয়মিত MCCoD এর মাধ্যমে Mortality Report পাওয়া যাচ্ছে না। হাসপাতালগুলোতে যোগাযোগ করা হলে তার জানায় যে করোনা দুর্যোগকালীন জনবল সংকটের কারণে তারা এ রিপোর্ট প্রদান করতে পারছেন না। তিনি আরো জানান যে Mortality Data যথাযথ ভাবে সংরক্ষণ না হলে ব্যপক বিপর্যয় দেখা দিবে। সিআরভিএস কান্ট্রিকোঅর্ডিনেটর উল্লেখ করেন যে হাসপাতালগুলোতে ad-hoc ভিত্তিতে জনবল (statistician) প্রদান করা গেলে MCCoD এর মাধ্যমে Mortality Report যথাযথভাবে সংরক্ষণ করা সম্ভব হবে। আলোচনায় অংশগ্রহণ করে এটুআই প্রোগ্রামের পলিসি এডভাইজার MCCoD এর মাধ্যমে প্রেরিত Mortality Report এর হাসপাতাল ভিত্তিক তথ্য অনলাইন ড্যাশবোর্ডের মাধ্যমে নিয়মিত পরিবীক্ষণ এর উপর গুরুত্বারোপ করেন।

সিআরভিএস কান্ট্রিকোঅর্ডিনেটর সভায় আরো জানান যে বাংলাদেশের সকল সরকারি হাসপাতালে কোন রোগী মৃত্যুবরণ করলে বাংলাদেশ ফরম নং ৮০৪ এর মাধ্যমে ছাড়পত্র বা "মৃত্যু প্রমান পত্র" প্রদান করা হয়ে থাকে। তার পরিবর্তে বর্তমানে ১১০ টি সরকারি ও বেসরকারি হাসপাতালে মৃত্যুর কারণ নির্ধারণের জন্য MCCoD ফর্মের ব্যবহার চালু আছে। তিনি আরো জানান যে স্বাস্থ্য সেবা বিভাগ কতৃক জারিকৃত পত্রের নির্দেশনা অনুসারে সকল সরকারি ও বেসরকারি হাসপাতালে MCCoD ফর্ম প্রচলন করার বাধ্যবাধকতা রয়েছে। তার পরিপ্রেক্ষিতে MCCoD ফর্ম বিজি প্রেস থেকে প্রিন্ট করে স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক উক্ত হাসপাতাল সমূহে বিতরণ করা হয়েছে। কিন্তু MCCoD ফর্মটি গেজেট আকারে প্রকাশ করা হয়নি এবং এসআরও এর মাধ্যমে ফরমের নম্বর সন্নিবেশিত করা হয়নি। সরকারি ফর্ম হিসাবে ব্যবহারের জন্য MCCoD ফর্মটিকে গেজেট আকারে প্রকাশ এবং এসআরও এর মাধ্যমে ফরমে নম্বর সন্নিবেশিত করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।

**সিদ্ধান্ত: ৬.৪.১।** হাসপাতাল থেকে নিয়মিত MCCoD এর মাধ্যমে Mortality Report স্বাস্থ্য অধিদপ্তরের DHIS-2 তে প্রেরণের জন্য যে সকল হাসপাতালে জনবল সংকট রয়েছে সে সকল হাসপাতালে ad-hoc ভিত্তিতে প্রয়োজনীয় জনবল (statistician) প্রদানের জন্য মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তরকে অনুরোধ করা হলো।

**সিদ্ধান্ত: ৬.৪.২।** হাসপাতাল পরিবীক্ষণকারী সকল উর্ধ্বতন কর্তৃপক্ষ যাতে MCCoD এর মাধ্যমে প্রেরিত Mortality Report এর তথ্য হাসপাতাল ভিত্তিক নিয়মিত পরিবীক্ষণ করতে পারে সেজন্য একটি ড্যাশবোর্ডের স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তরকে অনুরোধ করা হলো।

**সিদ্ধান্ত: ৬.৪.২।** হাসপাতালে মৃত ব্যক্তির মৃত্যুর কারণ নির্ধারণের জন্য ব্যবহৃত MCCoD ফর্মটি গেজেট আকারে প্রকাশ এবং এসআরও এর মাধ্যমে ফরমে নম্বর সন্নিবেশ করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তরকে অনুরোধ করা হলো।

**৬.৫। Rapid Mortality Surveillance (RMS) সংক্রান্ত আলোচনা:**

সিআরভিএস কান্ট্রিকোঅর্ডিনেটর সভায় জানান যে COVID-19 মহামারী কালীন কমিউনিটিতে কি পরিমাণ মৃত্যু হয় তা নিরুপণের জন্য Rapid Mortality Surveillance (RMS) করা হয়। তিনি আরো জানান যে গত মে ২০২০ হতে ১৩ টি উপজেলায় যেখানে কালীগঞ্জ মডেল চালু আছে সেখানে স্বাস্থ্য অধিদপ্তরের এমআইএস শাখার তত্ত্বাবধানে RMS চলমান রয়েছে। যেখানে স্বাস্থ্য সহকারীগণ Surveillance সপ্তাহ (রবিবার-শনিবার) অনুসারে সকল মৃত্যুর তথ্য সংগ্রহ করে স্বাস্থ্য অধিদপ্তরে প্রেরণ করেন। এই Surveillance এর মাধ্যমে কমিউনিটিতে মৃত্যুবরণকারীদের সংখ্যা জানা যায়। Rapid Mortality Surveillance এর কার্যক্রম ১৩ টি উপজেলা হতে মন্ত্রিপরিষদ বিভাগের আওতাধীন সিআরভিএস সংক্রান্ত প্রকল্পের প্রকল্প এলাকার ৯ টি জেলার সকল উপজেলায় সম্প্রসারণের উপর সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত: ৬.৫.১।** Rapid Mortality Surveillance এর কার্যক্রম বর্তমানে চলমান ১৩ টি উপজেলা হতে মন্ত্রিপরিষদ বিভাগের আওতাধীন সিআরভিএস সংক্রান্ত প্রকল্পের প্রকল্প এলাকাভুক্ত ৯ টি জেলার সকল উপজেলায় সম্প্রসারণের জন্য মহাপরিচালক স্বাস্থ্য অধিদপ্তরকে অনুরোধ করা হলো।

**৬.৬। UNESCAP -CRVS Regional Action Framework (RAF) সংক্রান্ত আলোচনা:**

মন্ত্রিপরিষদ বিভাগের পক্ষ থেকে জানানো হয় যে এশিয়া-প্রশান্ত মহাসাগর অঞ্চলের দেশগুলোতে সিআরভিএস বাস্তবায়নের বিষয়টি সমন্বয় করছে UNESCAP। ২০১৪ সালের নভেম্বর মাসে অনুষ্ঠিত Ministerial Conference on CRVS-এ ২০১৫-২০২৪ মেয়াদকে সিআরভিএস দশক হিসাবে ঘোষণা দেওয়া হয় এবং সেখানে সদস্য রাষ্ট্র সমূহের সুশাসন, স্বাস্থ্য ও পরিসংখ্যান সংক্রান্ত বিভিন্ন কর্মসূচী বাস্তবায়নের উদ্দেশ্যে একটি Regional Action Framework গৃহীত হয়। উক্ত ফ্রেমওয়ার্কে তিনটি অভিলক্ষ্য (goals) এবং সাতটি একশন এরিয়া (action areas) রয়েছে। প্রতিটি goal এর আওতায় একাধিক targets এবং indicators রয়েছে।

সিআরভিএস সংক্রান্ত উক্ত Regional Action Framework বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করার জন্য ২০২০ সালের অক্টোবর মাসে একটি Ministerial Conference অনুষ্ঠিত হওয়ার কথা ছিল করোনা মহামারীর কারণে তা ১৬-১৯ নভেম্বর ২০২১ সালে অনুষ্ঠিত হবে। উল্লেখ্য যে উক্ত Ministerial Conference এ উপস্থাপনের জন্য বাংলাদেশসহ সদস্য রাষ্ট্রসমূহ কর্তৃক মধ্যমেয়াদি অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত করে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গত ডিসেম্বর ২০১৯ এর মধ্যে UNESCAP বরাবর প্রেরণ করা হয়েছে। উক্ত প্রতিবেদনে জন্ম, মৃত্যু, মৃত্যুর কারণ এবং ভাইটাল স্ট্যাটিসটিক্স সংক্রান্ত বিষয়ে সুনির্দিষ্ট টার্গেট অর্জনের জন্য সময় নির্ধারণ করা আছে। রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়, স্বাস্থ্য সেবা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বর্ণিত টার্গেটসমূহ নির্দিষ্ট সময়ের মধ্যে অর্জনের জন্য বিস্তারিত কর্মপরিকল্পনা প্রণয়নের উপর সভায় গুরুত্বারোপ করা হয়।

**সিদ্ধান্ত: ৬.৬.১।** UNESCAP -CRVS Regional Action Framework সংক্রান্ত মধ্যমেয়াদি অগ্রগতি প্রতিবেদনে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়, স্বাস্থ্য সেবা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক প্রস্তাবিত টার্গেটসমূহ নির্দিষ্ট সময়ের মধ্যে অর্জনের জন্য নিজ নিজ কার্যালয়ের বিস্তারিত কর্মপরিকল্পনা প্রণয়ন পূর্বক আগামী একমাসের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

**০৭।** পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

২৭/০৭/২০২০

মোঃ কামাল হোসেন
সচিব, সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ।